দূরন্ত বার্তা, মালদা, ২৬ এপ্রিল : মালদার কালিয়াচকে পড়ুয়ার রহস্যমৃত্যু! বুধবার সকালে বাড়ি থেকে দেড় কিলোমিটার দূরে উদ্ধার ক্ষত-বিক্ষত দেহ। একদিন নিখোঁজ থাকার পর এদিন তাঁর দেহ উদ্ধার হয়েছে। গুলিবিদ্ধ হয়ে পড়ুয়ার মৃত্যু হয়েছে বলে অনুমান। ঘটনায় ব্যাপক চাঞ্চল্য এলাকায়। পুলিশ সূত্রে জানা গেছে, মৃত যুবকের নাম শুভভদ্র ঘোষ। তিনি কালিয়াচক থানার আকন্দবাড়িয়া অঞ্চলের মিলিক সুলতানপুর সাইলাপুর এলাকার বাসিন্দা। শুভঙ্কর বেসরকারি প্রতিষ্ঠানের দ্বাদশ শ্রেণি পড়ুয়া ছিলেন। মঙ্গলবার রাত থেকে নিখোঁজ ছিলেন পড়ুয়া। এরপর বুধবার সকালে বাড়ি থেকে প্রায় দেড় কিলোমিটার দূরে নওদা বিনপাড়া থেকে যুবকের রক্তাভ দেহ উদ্ধার হয়। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, যুবকের বৃকের ডান পাশে ক্ষত চিহ্ন রয়েছে। সেই থেকেই প্রাথমিক অনুমান, গুলিবিদ্ধ হয়ে যুবকের মৃত্যু হয়েছে। কিন্তু এখনও মৃত্যুর কারণ স্পষ্ট নয়। যদি গুলি লেগে থাকে, তাহলে কে বা কারা গুলি চালাল? কেনই বা গুলি করা হল? উঠছে একাধিক প্রশ্ন। দেহ ময়নাতদন্ত পাঠিয়ে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

রাস্তা বেহাল, গোটা রাস্তার মাঝে মধ্যেই খানাখন্দে ভরা! অভিযোগ

দূরন্ত বার্তা, পূর্ব বর্ধমান, ২২ এপ্রিল : রাস্তা তো নয়, যেন ছোট খাট পুকুর!রাস্তার বেহাল দশায় নাজেহাল এলাকাবাসী। বৃষ্টি হলে পূর্ব বর্ধমানের এই রাস্তা হয়ে ওঠে একেবারে ভয়াবহ! যাতায়াত করতে গিয়ে রীতিমত হিমসিম খেতে হয় বহু মানুষকে। পূর্ব বর্ধমান জেলার পূর্বস্থলী ১ নম্বর ব্লকের বাসিন্দাদের অভিযোগের অন্তর্গত নওপাড়া থেকে চক বামন গড়িয়া পর্যন্ত দীর্ঘ ১১ কিলোমিটার রাস্তা দীর্ঘদিন ধরে বেহাল। বর্ষার সময় এই রাস্তা দিয়ে চলাচল একেবারেই অসম্ভব হয়ে ওঠে। গ্রামবাসীদের কথায়, এই রাস্তা দিয়ে ৬৮ টি গ্রামের মানুষ যাতায়াত করেন প্রতিদিন। মূলতঃ একাধিক গ্রামের বাসিন্দাদের যাতায়াতের এটাই প্রধান রাস্তা। কিন্তু দীর্ঘদিনের সমস্যার এখনও কোনও সমাধান হয়নি। স্থানীয় এক বাসিন্দা জানিয়েছেন, এটা আর রাস্তা নেই, এখন পুকুর হয়ে গেছে। রোগী নিয়ে যেতে চরম সমস্যা হয়। আমরা নাজেহাল হয়ে উঠেছি। এই রাস্তার দ্রুত সংস্কার হলে আমাদের অনেক সুবিধা হবে। স্থানীয়দের কথায়, এই রাস্তা দিয়ে রোগী নিয়ে যেতেও চরম সমস্যায় পড়তে হয়। এছাড়া একাধিক পড়ুয়াকে বিদ্যালয়েও যেতে হয় এই রাস্তা দিয়েই। পূর্ব বর্ধমান জেলার নান্দনঘাট রামপুরিয়া হাই স্কুল, নান্দনঘাট গার্লস হাই স্কুল এবং নান্দনঘাট হাই স্কুলের ছাত্র-ছাত্রীরা এই রাস্তা দিয়ে স্কুলে যায়। তবে রাস্তার বেহাল অবস্থার কারণে প্রতিদিন্যত ঘটে ছোট বড় দুর্ঘটনা। ফলে রাস্তার দ্রুত সংস্কার হোক সেটাই চাইছেন এলাকাবাসী। বকপুর পঞ্চায়েতের উপপ্রধান সরিদ্দুল শেখ জানিয়েছেন, প্রশাসনের সব জায়গায় বিডিও, জেলা পরিষদ এমনকি মন্ত্রীকে জানানো হয়েছে। আমাদের সিডিউল দিয়ে দেওয়া হয়েছে। খুব তাড়াতাড়ি এই রাস্তার কাজ শুরু হবে। এই মাস থেকেই শুরু হওয়ার কথা। বছর তিনেক আগেই তৈরি হয়েছিল নতুন রাস্তা। তবে তিন বছরের মধ্যেই সেই রাস্তার অবস্থা একেবারে বেহাল। গোটা রাস্তায় মাঝে মাঝেই খানাখন্দে ভরা, রাস্তার অবস্থা একদমই চলাচলের অযোগ্য। রাস্তার অবস্থা যে বেহাল তা স্থানীয় পঞ্চায়েতের উপপ্রধানও স্বীকার করে নিয়েছেন। তবে তাঁর কথা অনুযায়ী আর উন্নত এই রাস্তার কাজ শুরু হবে। স্থানীয়রাও কবে এই রাস্তা ঠিক হয় সেই অপেক্ষায় দিন গুনছেন।



উষ্ণতা বৃদ্ধি, স্বস্তির খোঁজে বাড়ছে ডাব ও আখের রসের চাহিদা

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২২ এপ্রিল : গোটা দেশ জুড়ে ক্রমাগত বেড়ে চলেছে তাপমাত্রার পারদ। উত্তরবঙ্গও তার ব্যতিক্রম নয়। প্রচণ্ড গরমে নাজেহাল সাধারণ মানুষ স্বস্তি খুঁজছেন প্রাকৃতিক পানীয়ের। সেই তালিকার শীর্ষে রয়েছে ডাবের জল ও আখের রস। জলপাইগুড়ি জেলার বানারহাট ব্লকের তেলিপাড়া মোড় এলাকায় ৩১ নম্বর জাতীয় সড়কের ধারে অস্থায়ীভাবে গড়িয়ে উঠেছে একাধিক ডাব ও আখের রসের দোকান। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত রাস্তায় যাতায়াতকারী পথচারীদের ভিড় লেগেই থাকে এই দোকানগুলিতে। অনেকেই গাড়ি থামিয়ে ঠান্ডা ডাবের জল ও আখের রস পান করে নিচ্ছেন। ডাবের জল ছাড়াও ভিতরে থাকা মালিহিও বেশ জনপ্রিয় হয়ে উঠেছে সকলের কাছে। স্থানীয় ব্যবসায়ীরা জানিয়েছেন, প্রতি বছর গ্রীষ্মকালে এই ধরনের প্রাকৃতিক পানীয়ের চাহিদা কয়েক গুণ বেড়ে যায়। এবছর প্রচণ্ড গরমের কারণে সেই চাহিদা আরও বেড়েছে বলে তারা মনে করছেন। গরম থেকে কিছুটা স্বস্তি পেতে মানুষ যে আবারও প্রকৃতির কাছে ফিরছেন, তা স্পষ্ট ফুটে উঠেছে সংবাদমাধ্যমে প্রকাশিত বিভিন্ন প্রতিবেদনে। প্রাকৃতিক উপায়ে শরীর ঠান্ডা রাখতে ডাব ও আখের রস যে অন্যতম নির্ভরযোগ্য সহায়, তা প্রমাণ করছে এই বাড়তি চাহিদা।

ব্যবস্থার মন বলে কিছু থাকছে না। এই ঘটনার জন্য রাজ্য সরকারই দায়ী। পেহেলগাঁও এর ঘটনা প্রসঙ্গে তিনি বলেন, এমন মর্মান্তিক ভয়ঙ্কর ঘটনা এর আগে কখনও ঘটেনি। এইভাবে পর্যটকদের উপর আক্রমণ খুবই দুঃজনক। মৃত পর্যটকদের মধ্যে এই রাজ্যের তিনজন আছেন। এই কারণে আজ আমাদের সমস্ত অনুষ্ঠান বাতিল করেছি। যেহেতু মহিলা কংগ্রেসের এই অনুষ্ঠানটি পূর্নির্ধারিত

সকলকে বলা ছিল, সবাই এসে গিয়েছিলেন। সেই জন্য এই অনুষ্ঠানটি হয়েছে। তিনি বলেন, ভারতবর্ষের মাটিতে দাড়িয়ে সরকার সুরক্ষা দিতে পারছে না। সরকার সীমানা ঠিকমতো রক্ষা করতে পারছে না। সন্ত্রাসবাদীরা ঢুকে পড়ছে। ৬৭০ ধারা, ৬৫এ ধারা তুলে নেওয়ার পর এই বিজেপি সরকার বলেছিল কোথাও কোনও সমস্যা নেই। তাহলে এত বড় ঘটনা ঘটলো কি করে ? ইন্টেলিজেন্স ব্রাঞ্চ কি করছিলেন? গোয়েন্দা বিভাগ আগে যদি কিছু ইনফরমেশন দিলে ব্যবস্থা নেওয়া হয়নি কেন? প্রসঙ্গত, বুধবার দুপুরে হাওড়ার শরৎ সদনে ‘নারী ন্যায় সম্মেলনে’র আয়োজন করা হয় কংগ্রেসের পক্ষ থেকে। ওই অনুষ্ঠানে উপস্থিত সর্বভারতীয় মহিলা কংগ্রেসের সভানেত্রী অলকা লাম্বা জানান, গতকাল কান্ধারের পেহেলগাঁওতে পর্যটকদের উপর যে হামলা হয়েছে তারই প্রতিবাদে এদিনের অনুষ্ঠানকে শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠান হিসেবে পালন করা হয়। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আসা মহিলা কংগ্রেস সদস্যরা গতকালের ঘটনার পরিপ্রেক্ষিতে এক মিনিটের নীরবতা পালন করেন এমনকি অনুষ্ঠানে সূচনার প্রদীপ প্রজ্জ্বলন করা হয়নি। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, গোটা দেশে নোট বন্দি, জন্ম-কান্ধার থেকে ৬৭০ তুলে দেওয়া পরে কেন্দ্র সরকার দাবি করেছিল সন্ত্রাসবাদীদের কোমর ভেঙে গেছে। তবে গতকাল যে ঘটনা ঘটেছে তাতে আবারও প্রমাণিত হল তা সম্পূর্ণ মিথ্যে ছিল। ঘটনাস্থলে কোনওরকম নিরাপত্তা ছিলনা এমনও তথ্য উঠে আসছে। আর এই ঘটনার পরে শুরু হয়ে গিয়েছে রাজনীতি। একই সঙ্গে তিনি প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীকে অবিলম্বে সর্বদল বৈঠক ডেকে দেশের মানুষকে জবাবদিহি করতে হবে দাবি তোলেন।

কল্যাণী বিশ্ববিদ্যালয়ের লোকসংস্কৃতি বিভাগের উদ্যোগে আয়োজিত হলো রাজ্যস্তরীয় আলোচনা সভা, উপস্থিত স্বপন দেবনাথ



দূরন্ত বার্তা, নদীয়া, ২৬ এপ্রিল : বুধবার কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বিদ্যাসাগর সভাগৃহে ও আচার্য প্রফুল্ল চন্দ্র সভাকক্ষে আয়োজিত হলো সাহেবধনী সম্প্রদায়ের যাদুবিন্দু ও কুবীর গোসাঁই এবং তাদের পরম্পরা বিষয়ক এক -দিবসীয় রাজ্যস্তরীয় আলোচনা সভার। জানা যায় সাহেবধনী সম্প্রদায় একটি গৌন সম্প্রদায়, যাদের মধ্যে অনেক সাধক আছে তাদের মধ্যে দুজন যাদু বিন্দু ও কুবীর গোসাঁই। তারা বহু গুণে সমৃদ্ধ একদিকে গীতিকার সমাজ সংস্কারক ও সাধক মূলতঃ

এটিএমে জালিয়াতির অভিযোগে গ্রেপ্তার যুবক

দেবগি়াস কংসবণিক, নবদ্বীপ, ২৬ এপ্রিল : বুধবার চেতনানুড়ুমি নবদ্বীপে একটি রাষ্ট্র ব্যাংকের একাধিক এটিএমে গ্রাহকদের টাকা আত্মসাৎ করার অভিযোগে ঝাড়খণ্ডের ধানবাদের বাসিন্দা ভিকি টোহান নামক যুবককে আটক করল নবদ্বীপ থানার পুলিশ। প্রায়চার্য পলাতক আরো দুই যুবক। এমনই চঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে তীর্থভূমি নবদ্বীপের দক্ষিণাঞ্চল স্টেশন এলাকায়।

সূত্রের খবর এদিন সকাল থেকেই নবদ্বীপ শহরের একটি রাষ্ট্রায়ত্ত ব্যাংকের কয়েকটি এটিএমে গ্রাহকদের টাকা জালিয়াতি বা গ্রাহকদের অজান্তে তাদের টাকা আত্মসাৎ করছে বেশ কিছু যুবক। সাতসকালে এই খবর পৌঁছে যায় ওই রাষ্ট্রায়ত্ত ব্যাংকের সদর দপ্তরে। পরবর্তীতে খবর পাঠানো হয় এটিএমের দায়িত্বপ্রাপ্ত কর্মীদের। খবর পাওয়া মাত্রই দুই কর্মী শহরের বেশকিছু এটিএমে হনো হয়ে খুঁজতে থাকে ঝাড়খন্ড থেকে আসা ওই জালিয়াতদের। অবশেষে নবদ্বীপ স্টেশন সংলগ্ন ডুটপাড়া এলাকায় ওই রাষ্ট্রায়ত্ত ব্যাংকের এটিএমে দেখা মেলে জালিয়াত ৩ যুবককে। ব্যাংক কর্মীদের উপস্থিতি টের পেয়ে দুই যুবক ঘটনাস্থল ছেড়ে পালিয়ে যায়। এক যুবক এটিএমের ভিতরে থাকায় বেশ কয়েক হাজার টাকা সহ তাকে স্থানীয়দের সাহায্যে ধরে ফেলে ব্যাংক কর্মীরা। ততক্ষণে এটিএম জালিয়াতির খবর হড়িয়ে পড়তেই অভিযুক্ত যুবককে রাস্তায় ফেলে মারধর করে স্থানীয়রা। ঘটনাস্থলে আসে পুলিশ। এরপর অভিযুক্ত যুবকদের পুলিশের হাতে তুলে দেয় ব্যাংক কর্তৃপক্ষ। গ্রাহকদের টাকা জালিয়াতির বিষয়ে এটিএমের দায়িত্ব থাকা এক ব্যাংক কর্মী জানান,আটক যুবক ও তার সঙ্গীরা উন্নত পন্থায় এটিএমে গ্রাহকদের আটকে যাওয়া টাকা কৌশলে হাতিয়ে নিচ্ছিল। সেই কারণেই সকাল থেকেই ওই জালিয়াতদের ধরার জন্য একাধিক এটিএমে নজর রেখেছিলেন তারা। ওই ব্যাংক কর্মী আরও জানান, প্রচারিত হওয়া প্রতিটি গ্রাহকের টাকা ফেরত দেবে ব্যাংক কর্তৃপক্ষ।

এছাড়াও উপস্থিত ছিলেন কল্যাণী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ কল্লোল পাল, দেবলীনা দেবনাথ বিভাগীয় প্রধান সহ অনেকে। আয়োজকদের তরফে জানায় আগামী দিনে এই ধরনের আরও অনুষ্ঠানের আয়োজন করা হবে, এছাড়াও অন্যান্য বিশ্ববিদ্যালয়েও এই ধরনের অনুষ্ঠানের আয়োজনে উদ্যোগী নেওয়া হবে।

JAMTORA GRAM PANCHAYAT
SALCHURA ::
MANTUMRA :: CHHATNA ::
BANKURA
Please visit at **www.wbtenders.gov.in** for participating in eTender Notice No. **1/JAM/2025-26 dated 23/04/2025**, last date of submission **03/05/2025 upto 11.00 A.M.**
Sd/-Pradhan
Jamtora Gram Panchayat
Chhatna: Bankura

NOTICE INVITING e-TENDER
Sundarban Cooperative Milk & Livestock Producers' Union Ltd. (Sundarini) invites e-Tender(s) vide this office no.: 1) SMLU/HO/PUR-HR/25-26/329 dated 22.04.2025 (e-Tender ID: 2025_DMSP_837800_1) for Hiring of Sales and Marketing Consultancy Service/Outsourced Manpower Service towards deployment of Professional Manpower. Last date of submission: 03.05.2025 up to 3 PM. 2) SMLU/HO/PUR/e-NIT/ 25-26/331 dated 22.04.2025 (e-Tender ID: 2025_DMSP_837825_1) for procurement, installation and commissioning of Agitator Motors with Components. Last date of submission: 28.04.2025 up to 3 PM.
Sd/- Managing Director
Sundarban Co-operative Milk & Livestock Producers' Union Ltd.

KOLKATA MUNICIPAL CORPORATION e- TENDER
ABRIDGED NIT
The Executive Engineer (C)/BR-I, KMC invites e-tender online percentage rate two bid system for the following works :
1) NIT No. : KMC/EEC/N007/39/2024-2025/BS (2nd Call)
Name of Work : Repairing of Bustee Privies with Ancillary Civil works at 8, Ramkrishna Lane and other Bustee Areas in Ward No. 007 under Borough-I. Estimated Cost (including GST & CESS) : Rs. 2,88,294.00; Earnest Money : Rs. 6,000.00; Period of Completion : 30 Days.
2) NIT No. : KMC/EEC/N007/04/2025-2026
Name of Work : Repairing of Paver Block and IPS Pavements (Disturbed by W/S Deptt.) along Galiff Street, Gopal Mitra Lane etc. in Ward No. 007. Estimated Cost (including GST & CESS) Rs. 4,10,546.00; Earnest Money : Rs. 9,000.00; Period of Completion : 30 Days.
3) NIT No. : KMC/EEC/N008/43/2024-2025
Name of Work : Repairing of Damaged IPS, Paver Block, Asphaltum Pavements (Disturbed by water supply deptt. and others) at 57A, 61, 59/1, 35A, 51 etc. Bhupen Bose Avenue and Surrounding areas in Ward No. 008 under Borough-I. Estimated Cost (including GST & CESS) : Rs. 2,84,765.00; Earnest Money : Rs. 6,000.00; Period of Completion : 30 Days.
4) NIT No. : KMC/EEC/N003/74/2024-2025/BS
Name of Work : Repairing of Damaged Bustee Sewerage systems at 83A/H/25, 83F/H/7, Belgachia Road and other Bustee areas in Ward no. 003. Estimated Cost (including GST & CESS) : Rs. 2,89,175.00; Earnest Money : Rs. 6,000.00; Period of Completion : 21 Days.
5) NIT No. : KMC/EEC/N009/39/2024-2025
Name of Work : Restoration of Damaged Asphaltum Road at Hara Chandra Mullick Street, Abhoy Mitra Street and Different Places in Ward No. 009. Estimated Cost (including GST & CESS) : Rs. 2,98,147.00; Earnest Money : Rs. 6,000.00; Period of Completion : 30 Days. Last Date and Time of submission of bid : 06.05.2025 - 1 p.m. (for Sl. No. 1 to 5); Tender will be opened on : 08.05.2025 - 1 p.m. (for Sl. No. 1 to 5); The bid forms and other details are available on and from 25.04.2025 - 6 p.m. (for Sl. No. 1 to 5). The website: <https://etender.wb.nic.in> (for Sl. No. 1 to 5)
The Executive Engineer (C), BR-V, KMC invites e-tender online percentage rate two bid system for the following works :
1) NIT No. : KMC/EEC(C)/Br-V/049/02/PH/2025-2026
Name of Work : Emergency repairing of potholes on Road surface, IPS

বিএসএফের হাতে আটক এক বাংলাদেশী পাচারকারী

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৩ এপ্রিল : গরু সমেত ভারত -বাংলাদেশ সীমান্তে জলপাইগুড়ি মানিকগঞ্জ পুলিশ ফাঁড়ির অন্তর্গত এলাকায় কর্তব্যরত



বিএসএফের হাতে আটক এক বাংলাদেশী পাচারকারী। ধৃতকে আজ জলপাইগুড়ি আদালতে তোলা হবে বলে খবর। জলপাইগুড়ি মানিকগঞ্জ পুলিশ ফাঁড়ির অন্তর্গত ভারত বাংলাদেশ সীমান্ত এলাকা থেকে গরু সমেত ওই ব্যক্তিকে গ্রেফতার করে বিএসএফের ১৫ নম্বর ব্যাটেলিয়ানের সদস্যরা। এরপর ধৃত বাংলাদেশী নাগরিকসহ উদ্ধার হওয়া একটি গরুকে মানিকগঞ্জ আউটপোস্টের পুলিশের হাতে তুলে দেওয়া হলে বিএসএফ এবং মানিকগঞ্জ পুলিশ ধৃত কে জলপাইগুড়ি কোতোয়ালি থানার পুলিশের হাতে তুলে দেয়। পুলিশ সূত্রে জানা গেছে ধৃত বাংলাদেশীর নাম এমডি শামীম বয়স ৩৭ বছর। তার বাড়ি বাংলাদেশের পঞ্চগড় নীলফামারী এলাকায়। পাচারকারী একটি গরু নিয়ে ভারত থেকে বাংলাদেশের উদ্দেশ্যে যাওয়ার পথে ভারতের মূল ভূখণ্ড থেকে তাকে পাকড়াও করে কর্তব্যরত বিএসএফ । এরপর পুলিশের হাতে তুলে দেওয়া হয়। ধৃতকে এদিন জলপাইগুড়ি আদালতে তোলা হবে বলে পুলিশ সূত্রে জানা যায়।



স্বামী বিবেকানন্দ বেদান্ত সোসাইটির অব ইন্ডিয়ায় উদ্যোগে বেদান্তের ওপর একটি সেমিনার আয়োজন করা হয় গোলাপকঁক রামকৃষ্ণ মিশনের তুরিয়ানন্দ হলে । উক্ত অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন গোলাপকঁক মিশনের অধ্যক্ষ স্বামী সুপর্ণানন্দ জি মহারাজ। এছাড়া উপস্থিত ছিলেন সংস্থার চেয়ারম্যান ডঃ তড়িৎকুমার দত্ত , এইমসের চিকিৎসক অধ্যাপক ডঃ অশোক কুমার মুখোপাধ্যায় এবং স্বামী শুদ্ধাত্মানন্দজী মহারাজ প্রমুখ । দুদিন ব্যাপী এই সেমিনারের মাধ্যমে এই হানাহানির সময় সাম্প্রদায়িক সম্প্রীতি এবং মানুষে মানুষে বিভেদ তুলে আত্মাত্মিক চেতনার পথে অগ্রসর হওয়ার বার্তা দেওয়া হয়। এই অনুষ্ঠানে বেদান্তের বিভিন্ন বিষয় উপর বিভিন্ন বক্তা তথ্যমূলক বক্তব্য পেশ করেন । তথা ও ছবি- সুবল সাহা ।

সন্ত্রাসবাদের বিরুদ্ধে বর্ধমানে সোচ্চার সোস্যালিস্ট ফ্রন্ট

দূরন্ত বার্তা, বর্ধমান, ২৩ এপ্রিল : কাশ্মীরে সন্ত্রাসবাদীদের গুলিতে নিরীহ পর্যটকদের মৃত্যুর ঘটনার প্রতিবাদে পথে নামল সোশ্যালিস্ট ফ্রন্ট। বুধবার বিকালে সোস্যালিস্ট ফ্রন্টের পূর্ব বর্ধমান জেলা কমিটির উদ্যোগে বর্ধমান



গণহত্যাকারীদের বিরুদ্ধে সোচ্চার হয়ে গণকণ্ঠে সামিল হন উদ্যোক্তা ও পথচলতি মানুষজন। গণহত্যাকারীদের বিরুদ্ধে তীব্র প্রতিরোধ গড়ে তোলার পাশাপাশি নিষ্ক্রিয় মানুষদের বিরুদ্ধেও ধিক্কার জানান উপস্থিত বক্তারা। এদিন বক্তব্য রাখেন বিশ্বজিত বিশ্বাস, ডাঃ সৌমেন সিংহরায়, জগদীশ মন্ডল, রবীন্দ্রনাথ প্রামাণিক, কানাইলাল বিশ্বাস সহ আরও অনেকে। শিক্ষক ও সমাজকর্মী সুভাষচন্দ্র দত্ত, সমাজকর্মী সঞ্জীব মন্ডল, সমাজ কর্মী সায়ন্তি হাজরা সহ আরও অনেকে উপস্থিত না থাকতে পেয়ে লিখিত আকারে সোচ্চার প্রতিবাদ পত্র পাঠিয়ে দেন। উপস্থিত পথচলতি মানুষেরাও সোচ্চার গণকণ্ঠে সামিল হন। সংগঠনের অন্যতম সদস্য তথা বর্ধমান শহরের বুদ্ধিজীবী ও সাংবাদিক কানাইলাল বিশ্বাস জানিয়েছেন, এই ঘটনার ক্ষেত্রে নিন্দা জানানোর কোন ভাষা নেই। সন্ত্রাসবাদ, জঙ্গী কার্যকলাপের নামে নিরীহ মানুষ খুনের বিরুদ্ধে সকলকে প্রতিবাদ জানানোর বার্তা দেওয়ার পাশাপাশি মানুষের নিরাপত্তার রাষ্ট্রীয় গাফিলতির বিষয়টিও এদিন তুলে ধরেন তিনি। এর পাশাপাশি জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলকে সন্ত্রাসবাদের বিরুদ্ধে একযোগে সোচ্চার হবার আহ্বান জানিয়েছেন কানাইলালবাবু।

যুবককে বাড়ি থেকে ডেকে নিয়ে খুনের অভিযোগ পরিবারের


গোপাল বিশ্বাস, নদীয়া, ২৩ এপ্রিল : রাতে বাড়ি থেকে ফোন করে ডেকে নিয়ে গিয়ে এক যুবককে খুনের অভিযোগ পরিবারের । চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে নদীয়ার হাঁসখালি থানার হুদাচাপড়া এলাকায়। মৃত যুবকের নাম অভিজিত সরকার। জানা যায় হাঁসখালি থানার অন্তর্গত হুদাচাঁপড়া এলাকার তৃণমূল কংগ্রেসের বৃথ সভাপতি অজয় সরকারের ছেলে অভিজিত। রাত্রে ফোন করে বাড়ি থেকে ডেকে নিয়ে গিয়ে খুন করা হয়েছে এমনটাই অভিযোগ মৃত যুবকের পরিবারের। মৃত যুবকের বাবা অজয় সরকার দাবি করে মঙ্গলবার রাত আনুমানিক আটটার সময় কে বা কারা ছেলেকে ফোন করে বাড়ি থেকে ডেকে নিয়ে যায়। এরপর সারারাত বাড়ি ফেরেনা ছেলে অভিজিত সরকার। ভোরের দিকে এলাকারই একটি ছেলে বাড়িতে এসে অভিজিত সরকার মদ্যপান করে অসুস্থ হয়ে পড়েছে বলে জানায়। খবর পেয়ে পরিবারের লোকজন তড়িঘড়ি ঘটনাস্থলে গিয়ে দেখে রক্তাক্ত অবস্থায় পড়ে রয়েছে অভিজিত। তড়িঘড়ি তাকে উদ্ধার করে স্থানীয় হাসপাতাল নিয়ে গিয়ে কর্তব্যরত চিকিৎসক অভিজিকে মৃত বলে জানায়। পাশাপাশি খবর পেয়ে ঘটনাস্থলে যায় হাঁসখালি থানার পুলিশ। ঘটনার তদন্ত শুরু করেছে হাঁসখালি থানার পুলিশ।

অনন্য একটা রূপ ধারণ করবে দীঘা শহর

দূরন্ত বার্তা, পূর্ব মেদিনীপুর, ২৩ এপ্রিল : আমাদের পশ্চিমবঙ্গের মানুষ জগন্নাথ ধাম বলতে পুরীতেই যেতেন। পুরীতে বেশিরভাগ বাঙালিরই জগন্নাথ মন্দিরে পূজো দিতে যান। তাই মমতা বন্দ্যোপাধ্যায় আমাদের দিলাতে পুরীর আদলে যে মন্দির তৈরি করেছেন, তা দেখার জন্য মানুষের চল নেমে গিয়েছে। এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে এমনই মন্তব্য করলেন পূর্ব মেদিনীপুরের তমলুক সাংগঠনিক জেলা তৃণমূলের সাধারণ সম্পাদক প্রদীপ কুমার দো। তিনি জানিয়েছেন, মন্দির তৈরি হয়ে যাওয়ার পর পর পর্যটকদের সংখ্যা আরও বেড়েছে। ফলে অনন্য একটা রূপ ধারণ করবে এই দীঘা শহর। ফলে, যেমন দীঘার পর্যটন কেন্দ্র ভালো চলবে, তেমনই হোটেলও ভালো চলবে, সব মিলিয়ে দীঘার অর্থনৈতিক অবস্থা আরও উন্নত থেকে উন্নততর হবে। প্রচুর কর্মসংস্থান হবে। পশ্চিমবাংলার থেকে পুরী ছেড়ে দীঘায় জগন্নাথ মন্দিরে আসবেন এবং অন্যান্য রাজ্য মানুষও মানুষের চল নামবে। ফলে নিশ্চিতভাবে দীঘা একটি আলাদা মাত্রা পাবে বলে দাবি করেন তৃণমূল নেতা প্রদীপ কুমার দো।

সংস্কারের জন্য বন্ধ গজলডোবা তিস্তা ব্যারেজের সেতু, ২৭ তারিখ থেকে কাজ শুরু হবে

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৩ এপ্রিল : সেতু সংস্কারের প্রয়োজন হয়ে পড়েছে। সেজন্য জরুরি ভিত্তিতে উত্তরবঙ্গের গজলডোবায় তিস্তা ব্যারেজের সেতু বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে জলপাইগুড়ি জেলা প্রশাসন। সময় খালির মাধ্যমে কৃষকদের জল সরবরাহ করাই এই প্রকল্পের অন্যতম লক্ষ্য। সময়ের প্রয়োজনে তিস্তা নদীর ব্যারেজের উপরের সেতু পথ হয়ে উঠেছে শিলিগুড়ি এবং ডুয়ার্সের ওদলাবাড়ি ও সংলগ্ন এলাকার সঙ্গে যোগাযোগের অন্যতম পথ। এদিকে যানবাহনের চাপে দুর্বল হয়ে পড়েছে ব্যারেজের রাস্তা। তার উপর ২০২৩ সালে সিকিম পাহাড়ে ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগের চাপ ও সহ্য করতে হয়েছে ব্যারেজকে। তাতে ব্যারেজের বেশ কিছু অংশে বর্ষার আগেই সংস্কার প্রয়োজন বলে খবর। জানা গেছে,



দুর্গাপুরে বিস্ফোরণে গুরুতর জখম যুবক, ভেঙে চুরমার টালির ঘর! এলাকায় আতঙ্ক

দূরন্ত বার্তা, দুর্গাপুর, ২৩ এপ্রিল : টালির ঘরে বিস্ফোরণে কঁপে উঠল দুর্গাপুরের নিউটন ৭ নম্বর ওয়ার্ড এলাকা। বিস্ফোরণে গুরুতর জখম এক যুবক। বিস্ফোরণের তীব্রতা এতটাই বেশি যে ঘরটি ভেঙে গিয়েছে। বিস্ফোরণস্থলে প্রচুর পরিমাণে বারুদ ও কাগজের টুকরো পাওয়া গিয়েছে। ওই বাড়িতে কি বেআইনিভাবে বাজি তৈরি হত? সেই প্রশ্ন উসকে যাচ্ছে। খবর পেয়েই বিশাল পুলিশবাহিনী ঘটনাস্থলে পৌঁছায়। গুরুত্ব বুঝে সজরেজমিরে ঘটনাস্থলে তদন্তে যান দুর্গাপুরের অতিরিক্ত পুলিশ সুপার সুবীর রায়। ঘটনায় আতঙ্ক ছড়িয়েছে এলাকায়। এদিন বুধবার সকাল সাড়ে ১০টা নাগাদ ৭ নম্বর ওয়ার্ডের নিউটন অ্যাভিনিউ এলাকার একটি টালির ঘরে বিস্ফোরণ হয়। বিকট শব্দে কঁপে ওঠে আশপাশ। প্রবেশকারী গিয়ে দেখেন ওই ঘরের সামনে গুরুতর জখম হয়ে পড়ে রয়েছেন সঞ্জল দেবনাথ নামে বছর ৩৪-এর যুবক। ওই টালির বাড়িও

ভক্তিনগর এলাকায় চুরির ঘটনায় গ্রেফতার ৩

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৩ এপ্রিল : শিলিগুড়ি ৩৪ নম্বর ওয়ার্ডের ভক্তিনগর এলাকায় দুঃসাহসিক চুরির ঘটনায় গ্রেফতার তিন। গত মঙ্গলবার অর্থাৎ ১৫ই এপ্রিল পুরসভার ৩৪ নম্বর ওয়ার্ডের ভক্তিনগর এলাকার একটি বাড়িতে জানালা দিয়ে লাঠি চুকিয়ে দরজার ছিটকিনি খুলে ৮০ হাজার টাকা নগদ সহ লক্ষাধিক স্বর্ণলংকার নিয়ে চম্পট দিয়েছিল চোরের দল। এমন ঘটনায় হতবস্থ স্থানীয় থেকে পুলিশ প্রশাসন। তবে দীর্ঘসময় ধরে এত বড় চুরির ঘটনা দুষ্কৃতির। ঘটলেও বিপদমাত্র চের পায়নি বাড়ির সদস্যরা। পরিবারের সদস্যদের সন্দেহ কোন নেশাজাতীয় স্ট্রেপ করেই এমন কর্মকাণ্ড ঘটিয়েছিল দুষ্কৃতিরা। ঘটনার পরপরই অভিযোগের ভিত্তিতে তদন্তে নামে এনজেলি থানার সাদা পোশাকের পুলিশ। গত মঙ্গলবার ওই চুরির ঘটনায় ফুলবাড়ি থেকে এমডি রফিকুল ও এমডি সমিরকে গ্রেফতার করে পুলিশ । অন্যদিকে একই চুরির ঘটনায় এনজেলি রাজহৌলী থেকে গ্রেফতার করা হয় এমডি সাদ্দামকে। তবে তাদের কাছ থেকে কোন চুরির সামগ্রী উদ্ধার করতে সর্মথ হয়নি পুলিশ। বুধবার ধৃতদের জলপাইগুড়ি আদালতে পাঠিয়ে আদালতের কাছে রিম্যান্ডের আবেদন জানায় পুলিশ।

বোমা উদ্ধার

দূরন্ত বার্তা, মালদা, ২৩ এপ্রিল : এবার বৈষ্ণবনগরে প্রচুর পরিমাণে বোমা উদ্ধার, ঘটনাস্থলে পুলিশ বাহিনী, চাঞ্চল্য এলাকা জুড়ে। বৈষ্ণবনগর বিধানসভার অন্তর্গত গোলাপগঞ্জ পুলিশ ফাঁড়ির বামন টোলা ঘুমটোলা এলাকায় পাঁচ ড্রাম বোমা উদ্ধার কে ঘিরে চাঞ্চল্য দেখা লি এলাকা জুড়ে। বোমা দেখতে পাওয়ার খবর পেয়ে সঙ্গে সঙ্গে যায় কালিয়াচক থানার বিশাল পুলিশ বাহিনী। পুলিশ গিয়ে ওই এলাকাটি সম্পূর্ণরূপে ফিতে দিয়ে ঘিরে ফেলে। এই নিয়ে এক সপ্তাহের মধ্যে বৈষ্ণবনগর বিধানসভার তিন জায়গায় বোমা উদ্ধার। একের পর এক জায়গায় বোমা উদ্ধার হওয়ায় যথারীতি গোটা এলাকায় চাঞ্চল্য দেখা দিয়েছে। তবে এই দিন পাঁচজার বোমা উদ্ধার হয়েছে। খবর দেওয়া হয়েছে সিআইডি ও বোমা ডিসপোজাল দলকে। এই বোমা উদ্ধারের ঘটনায় তদন্ত শুরু করেছে কালিয়াচক থানার পুলিশ।

খালের মাধ্যমে কৃষকদের জল সরবরাহ করাই এই

প্রকল্পের অন্যতম লক্ষ্য। সময়ের প্রয়োজনে তিস্তা নদীর ব্যারেজের উপরের সেতু পথ হয়ে উঠেছে শিলিগুড়ি এবং ডুয়ার্সের ওদলাবাড়ি ও সংলগ্ন এলাকার সঙ্গে যোগাযোগের অন্যতম পথ। এদিকে যানবাহনের চাপে দুর্বল হয়ে পড়েছে ব্যারেজের রাস্তা। তার উপর ২০২৩ সালে সিকিম পাহাড়ে ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগের চাপ ও সহ্য করতে হয়েছে ব্যারেজকে। তাতে ব্যারেজের বেশ কিছু অংশে বর্ষার আগেই সংস্কার প্রয়োজন বলে খবর। জানা গেছে,

ব্যারেজের উপর সেতু সংস্কারের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ হয়েছে। পাশাপাশি ব্যারেজ রক্ষণাবেক্ষণে বেশ কিছু পদক্ষেপ নেওয়া হবে। জুন, জুলাই ভারী বর্ষার সময়। তার আগেই মে মাসের মধ্যে খুঁটিনাটি কাজ শেষ করে ফেলা হবে। তবে রাস্তা মেরামতিতে সময় লাগবে প্রায় পাঁচ মাস। সভাধিপতি কৃষ্ণ রায় বর্মন জানান, ১৪০ দিন সময় ধরা হয়। ২৭ তারিখ থেকে কাজ শুরু হবে। সেই সময় ব্যারেজের রাস্তায় যানচালাচল বন্ধ রাখতে বলা হয়েছে।

বাজি তৈরি হচ্ছিল? সেই প্রশ্ন উঠেছে। পুলিশ সমস্ত বিষয় খতিয়ে দেখছে। স্থানীয়রা জানিয়েছেন, জখম ওই যুবক একাই ওই বাড়িতে থাকতেন। তিনি ক্যাটারিং-সহ

একাধিক কাজের সঙ্গে জড়িত। কখনও বাজি তৈরির কাজও করতেন বলে অভিযোগ। বাজি তৈরির জন্য কি বারুদ ওই ঘরে মজুত করা হয়েছিল? সেই বারুদেই কি বিস্ফোরণ হয়েছে? সেসব প্রশ্ন উঠেছে। দুর্গাপুরের অতিরিক্ত পুলিশ সুপার সুবীর রায় জানিয়েছেন, গোটা ঘটনার তদন্ত চলছে। বিস্ফোরণস্থল-সহ আশপাশ ঘিরে রাখা হয়েছে।

দুষ্কৃতিদের হামলায় মৃত যুবক, অবরোধ এলাকাবাসীর

দূরন্ত বার্তা, মালদা, ২৩ এপ্রিল : কয়েক মাস ধরে এলাকায় চুরির ঘটনা ঘটছে। দুষ্কৃতিদের আতঙ্কে বাড়িতে থাকতে পারছেন না গ্রামবাসীরা। পুলিশকে জানিয়েও কোন ব্যবস্থা হয়নি। বাধ্য হয়ে গ্রামবাসীরা নিজেরাই রাত পাহারা সিক্রান্ত নেয়। সেই মতো গতকালকে রাত পাহারার সময় কয়েকজন যুবকের ওপর হামলা করে দুষ্কৃতিরা। ঘটনায় শিবু মন্ডল নামে এক যুবকের মৃত্যু হয় ঘটনায় আহত হয় আরো দুজন। প্রতিবাদে বুধবার সকাল থেকেই রণক্ষেত্রের চেহারা নিয়েছে মালদার ইংলিশ বাজারের অমুতি অঞ্চলের সিকেন্দারপুর এলাকা। একাধিক জায়গায় মালদা মামিকচক রাজ্য সড়ক অবরোধ করে চলছে বিক্ষোভ। একাধিক গাড়িতে ভাঙচুর করা হচ্ছে। পুলিশকে ঘিরে রেখে বিক্ষোভ গ্রামবাসীদে। অভিযোগ পুলিশ ব্যবস্থা নিলে আজকে তাদের গ্রামের এক তরতাজা যুবককে প্রাণ হারাতে হতো না ।

বিজ্ঞপ্তি
আমার মজ্জেল শ্রী আশুতোষ প্রামাণিক, পিতা গুরুসদই প্রামানিকের অনুরোধ ক্রমে জানানো যাইতেছে যে তিনি দক্ষিণ ২৪ পরগনা জেলার বরিশা পূর্ণপাড়া নিবাসী বরুণ শংকর গুপ্ত, পিতা বাদল কুমার গুপ্ত সম্পাদিত ও বোলপুর এডিএসআর অফিসে রেজিস্ট্রি কৃত Book IV-335/2019 নম্বর পাওয়ার অফ আর্টর্নি দলিল দ্বারা ক্ষমতাপ্রাপ্ত হইয়া বোলপুর থানার অঙ্গর্ত ১১৫ নং জে এল ভুক্ত, নুরপুর মৌজায়, এল আর খতিয়ান নং 550,2073.2038, 2827 ভুক্ত 229 নং এল. আর দাগে ৩২ শতক সম্পত্তি তাহার পক্ষে ও তাহার হয়ে উত্তর ২৪ পরগনা নিবাসী ক্রোতা সোম এম বাগচি, স্বামী-তড়িৎবরণ বাগচি কে হস্তান্তর করিয়াছেন, Deed No-5607/2021 এই দলিল মোতাবেক এবং তাহার মিউটেশনের জন্য আবেদন করিয়াছেন। আমার মজ্জেলের এরূপ কার্যে কাহারা কোন আপত্তি থাকিলে আগামী ১০ দিনের মধ্যে উপযুক্ত অফিসে আপত্তি জানাহিতে হইবে।
শাহিদ আমির হুসেন
আডভোকেট, বোলপুর কোর্ট

UTTARPARA-KOTRUNG MUNICIPALITY	
CORRIGENDUM NOTICE	
Notice Inviting e-Tender No.: UKM/PWD/001(e)/2025-26	
Date: 02-04-2025	
1. Construction Of Cottage Building Block-A Second Floor At Digha Holiday Home Sector (Plot No-15, Lease Hold Land Of Dsda) Under Ut- tarpara-Kotrung Municipality. The bid Submission Closing date is hereby extended up to 03-05-2025 in place of 21-04-2025. Date Corrigen- dum published. For Details: wbtenders.gov.in	
 Sd/- Chairman Uttarpara-Kotrung Municipality	
বিজ্ঞপ্তি	
আমার মজ্জেল শ্রী আশুতোষ প্রামাণিক, পিতা গুরুসদই প্রামানিকের অনুরোধ ক্রমে জানানো যাইতেছে যে তিনি দক্ষিণ ২৪ পরগনা জেলার বরিশা পূর্ণপাড়া নিবাসী বরুণ শংকর গুপ্ত, পিতা বাদল কুমার গুপ্ত সম্পাদিত ও বোলপুর এডিএসআর অফিসে রেজিস্ট্রি কৃত Book IV-335/2019 নম্বর পাওয়ার অফ আর্টর্নি দলিল দ্বারা ক্ষমতাপ্রাপ্ত হইয়া বোলপুর থানার অঙ্গর্ত ১১৫ নং জে এল ভুক্ত, নুরপুর মৌজায়, এল আর খতিয়ান নং 550,2073.2038, 2827 ভুক্ত 229 নং এল. আর দাগে ৩২ শতক সম্পত্তি তাহার পক্ষে ও তাহার হয়ে উত্তর ২৪ পরগনা নিবাসী ক্রোতা সোম এম বাগচি, স্বামী-তড়িৎবরণ বাগচি কে হস্তান্তর করিয়াছেন, Deed No-5607/2021 এই দলিল মোতাবেক এবং তাহার মিউটেশনের জন্য আবেদন করিয়াছেন। আমার মজ্জেলের এরূপ কার্যে কাহারা কোন আপত্তি থাকিলে আগামী ১০ দিনের মধ্যে উপযুক্ত অফিসে আপত্তি জানাহিতে হইবে।	
 শাহিদ আমির হুসেন আডভোকেট, বোলপুর কোর্ট	
BERUGRAM GRAM PANCHAYAT	
BOWAI : PURBA BARDHAMAN	
Notice Inviting e-Tender No:-12/BGP/2024-25, Dated-22/04/2025.	
The Prodhon, BERUGRAM GRAM PANCHAYAT invites e-tender for the work of Construction of Concrete Road. Document download/sale date from 22/04/2025 from 18.00 hrs. up to 30/04/2025 upto 18.00 hrs. Bid submission starting from: 22/04/2025 from 18.00 hrs. up to 30/04/2025 upto 18.30 hrs. Bid Opening Date 05/05/2025 at 12.00 Hrs. For details please visit at GP office and visit website www.wbtenders.gov.in	
 Sd/- Prodhon Berugram Gram Panchayat	

The Assistant Engineer, PWD Hooghly Construction Sub Division No II, Arambagh, Hooghly invites Tender vide NIT No.-02/ Sub/II of 2025-26 for 02(Two)No work from bonafied resourceful agency having technical and financial capability of performing the job. The details will be available in the office notice board and from office within office hour. Last date of application:- 02.05.2025. Last date of receiving tender paper- 05.05.2025. Sd/- A. De Assistant Engineer (PWD) Hooghly Construction Sub Division No-II Arambagh, Hooghly

পূর্ব রেলওয়ে
প্রিন্সিপাল চিফ ইঞ্জিনিয়ার, পূর্ব রেলওয়ে, কলকাতা, ১৭, নেতাজি সুভাষ রোড, ২য় তল, ফেরারলি হ্রেস,কলকাতা-৭০০০০১ নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বানকরছেন:-ই-টেন্ডার নং : ডব্লু ২ ৬২৩ ১ জিএফ এল এসডিএএইচ ২৪-২৫, তারিখ ২২.০৪.২০২৫। কাজের নাম : শিয়ালদহ ডিভিসনে ৫ বছরের জন্য ট্রাক ডিভিক রেল লুইকটের (১ কিমি শ্রেণীর ইলেক্ট্রনিক ধরনের) সরবরাহ, স্থাপন, চালুকরণ ও পরিচালনা তৎসহ প্রতি লুইকটের প্রতি মাসে ন্যূনতম ১৮ কেজি হিসেবে সাইটের প্রয়োজনীয়তা অনুসারে লুইকটসসরবরাহ। সম্পূর্ণ প্রণালীটি আরডিএসও কারিগরী স্পেসিফিকেশন আইআরএস টি-৪৮ (ভার্নি ও অধ্যা সাম্প্রতিকতম) অনুযায়ী হতে হবে (মে ৭-৭টি)। কাজের আনুমানিক মূল্য: ৬,০৫,২৩,৭৫৯.৮০ টাকা। বায়নামূল্য জমা : ৪,৫২,৬০০টাকা। টেন্ডার বন্ধের তারিখ ও সময়: ১৫.০৫.২০২৫ তারিখ বুধপূর্ণ ৩টো। কাজ শেষের সময়সীমা: ৬৬ মাস। টেন্ডার নথিপত্রের বিস্তারিত বিবরণ ওয়েবসাইট https://www.ireps.gov.in -তে পাওয়া যাবে। উপরোক্ত ওয়েবসাইটে অনলাইনে অফার জমা করার জন্য টেন্ডারারদের অনুরোধ করা হচ্ছে। কোনও মাল্যুরাল অফার গ্রহণ করা হবেনা। (MISC-25/2025-26)
ওয়েবসাইট : www.r.in.dianrailways.gov.in/ www.ireps.gov.in এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে আমাদের অনুসরণ করুন: @EasternRailway @easternrailwayheadquarter

POST OFFER ADVERTISEMENT TO THE EQUITY SHAREHOLDERS UNDER REGULATION 18 (12) IN TERMS OF SEBI (SUBSTANTIAL ACQUISITION OF SHARES AND TAKEOVERS) REGULATIONS, 2011 AS AMENDED OF				
EMKAY CONSULTANTS LIMITED Registered Office: Alipore Heights 5B, Judge Court Road, Kolkata-700027, West Bengal, India Corporate Identification Number (CIN): L74140WB1990PLC050229 Tel: 033-24486060/7070, 033-40099799; Email: munnas.group@gmail.com; Website: www.emkayconsultantslimited.in Open Offer ("Offer") for acquisition of 7,57,150[*] (Seven Lakhs Fifty Seven Thousand One Hundred Fifty Only) equity shares of Rs. 10/- each from equity shareholders of Emkay Consultants Limited (hereinafter referred to as "the Target Company") by Mr. Rajesh Raghuvir Mantri, (hereinafter referred to as "Acquirer 1"), Mr. Seema Pravin Joshi (hereinafter referred to as "Acquirer 2"), Mrs. Harshala Nitin Gaikwad (hereinafter referred to as "Acquirer 3"), Ms. Shruti Tejas Kulkarni, (hereinafter referred to as "Acquirer 4"), Ms. Aakanksha Rajesh Mantri (hereinafter referred to as "Acquirer 5") and Mr. Dattaraj Rajesh Mantri (hereinafter referred to as "Acquirer 6") (hereinafter collectively referred to as "Acquirers") along with person acting in concert Mr. Ramchandra Mangesh Kulkarni (hereinafter referred to as "PAC"), pursuant to and in accordance with Regulation 3(1) and 4 of Securities and Exchange Board of India (Substantial Acquisition of Shares and Takeovers) Regulations, 2011, as amended (hereinafter referred to as "SEBI SAST Regulations, 2011") *26% of the total shares of the Target Company is 7,80,104, however balance shares held by Public Shareholders after excluding shares held by PAC is 7,57,150. This Post Offer Advertisement is being issued by Finshore Management Services Limited (hereinafter referred to as "Manager to the Offer"), on behalf of Mr. Rajesh Raghuvir Mantri, (hereinafter referred to as "Acquirer 1"), Mrs. Seema Pravin Joshi (hereinafter referred to as "Acquirer 2"), Mrs. Harshala Nitin Gaikwad (hereinafter referred to as "Acquirer 3"), Ms. Shruti Tejas Kulkarni, (hereinafter referred to as "Acquirer 4"), Ms. Aakanksha Rajesh Mantri (hereinafter referred to as "Acquirer 5") and Mr. Dattaraj Rajesh Mantri (hereinafter referred to as "Acquirers") along with person acting in concert Mr. Ramchandra Mangesh Kulkarni (hereinafter referred to as "PAC") in connection with offer made by Acquirers & PAC, in compliance with Regulation 18(12) of Securities and Exchange Board of India (Substantial Acquisition of Shares and Takeover) Regulations, 2011 as amended ("SEBI SAST Regulations"). The Detailed Public Statement with respect to the aforementioned Offer was made on 22nd August, 2023 in Financial Express, English National Daily (in all editions), Jansatta, Hindi National Daily (in all editions), Duranta Barta in Bengali daily (in Kolkata edition).				
1	Name of the Target Company	EMKAY CONSULTANTS LIMITED		
2	Name of the Acquirer	1. Mr. Rajesh Raghuvir Mantri ("Acquirer 1"), 2. Mrs. Seema Pravin Joshi ("Acquirer 2"), 3. Mrs. Harshala Nitin Gaikwad ("Acquirer 3"), 4. Ms. Shruti Tejas Kulkarni, ("Acquirer 4"), 5. Ms. Aakanksha Rajesh Mantri ("Acquirer 5") 6. Mr. Dattaraj Rajesh Mantri ("Acquirer 6") 7. Mr. Ramchandra Mangesh Kulkarni ("PAC")		
3	Name of the Manager to the Offer	Finshore Management Services Limited		
4	Name of the Registrar to the Offer	Niche Technologies Private Limited		
5	Offer Details:			
a)	Date of Opening of the Offer	28 th March, 2025 (Friday)		
b)	Date of Closure of the Offer	15 th April, 2025 (Tuesday)		
6	Date of Payment of Consideration	No shares were tendered; hence no payment has been made.		
7	Details of Acquisition			
Sl. No	Particulars	Proposed in the Offer Document (Letter of Offer)		Actuals
7.1	Offer Price	Rs. 22.72 per Fully paid up equity share ^		Rs. 22.72 per Fully paid up equity share ^
7.2	Aggregate number of shares tendered	7,57,150		Nil
7.3	Aggregate number of shares accepted	7,57,150		Nil
7.4	Size of the Offer (Number of shares multiplied by offer price per share)	Rs. 1,72,02,448		Nil
7.5	Shareholding of the Acquirer and PAC before Agreements/Public Announcement (No. & %)	6,38,100 (21.27%) *		6,38,100 (21.27%) *
7.6	Shares Acquired by way of Share Purchase Agreement (SPA)	15,98,150 (53.26%)		15,98,150 (53.26%)
7.7	Shares Acquired by way of Open Offer	7,57,150 @		Nil
7.8	Shares acquired after Detailed Public Statement	NIL		NIL
7.9	Post offer shareholding of Acquirer and PAC	29,93,400 (99.77%)		22,36,250* (74.53%)
7.10	Pre & Post offer shareholding of the Public	Pre- Offer 7,57,150 @	Post- Offer Nil (0.00%)	Pre- Offer 7,57,150 @
				Post- Offer 7,57,150 (25.23%)

Notes:

[^] Revised Offer Price inclusive of interest @ 10% p.a. calculated for the period of delay in receipt of RBI Approval.

^{*} Mr. Ramchandra Mangesh Kulkarni (PAC) holds 6,38,100 Equity Shares of the Target Company constituting to 21.27 % of the Issued, Subscribed, Paid-Up and Voting Capital of the Target Company.

@26% of the total shares of the Target Company is 7,80,104, however balance shares held by Public Shareholders after excluding shares held by PAC is 7,57,150. Thus, 7,57,150 shares (25.23%) represents the entire existing public shareholding.

#The "Actual Post Offer Shareholding of the Acquirers & PAC" include 6,38,100 shares held by PAC and 15,98,150 shares to be acquired through SPA after the completion of Open Offer.

8. The Acquirers and the PAC accepts full responsibility for the information contained in this Post Offer Advertisement and also for the obligations under SEBI SAST Regulations.

9. A copy of this Post Offer Advertisement will be available on the websites of SEBI, The Calcutta Stock Exchange Limited and the registered office of the Target Company (Emkay Consultants Limited).

10. The capitalized terms used but not defined in this advertisement shall have the meanings assigned to such terms in the Public Announcement and/or Detailed Public Statement and/or Letter of Offer.

11. This Post offer Advertisement is being issued in all the newspapers in which the DPS has appeared.

Issued by Manager to the Offer on behalf of the Acquirers and PAC

	
Finshore Management Services Limited, Anandlok Block A, Room-207, 227, AIC Bose Road, Kolkata-700020 Tel: 91-33-22895101 Website: www.finshoregroup.com Investor Grievance email id: investors@finshoregroup.com Contact Person: Mr. S Ramakrishna Iyengar SEBI Registration No: INM000012185	
Place: Kolkata Date: April 23, 2025	

ঘরের মাঠে
জিম্বাবোয়ের
কাছে চার দিনে
টেস্ট হার
বাংলাদেশের!

সিলেট, ২৩ এপ্রিলঃ সিলেটের বৃষ্টিও বাঁচাতে পারল না। জিম্বাবোয়ের কাছে প্রথম টেস্টে চার দিনেই হেরে গেল বাংলাদেশ। ঘরের মাঠে ৩ উইকেটে হেরে দু’টেস্টের সিরিজে ০-১ ব্যবধানে পিছিয়ে পড়লেন নাজমুল হোসেন শাস্ত্রীরা। জয়ের জন্য ১৭৪ রানের লক্ষ্যে জিম্বাবোয়ে পৌঁছে যায় দ্বিতীয় ইনিংসে ৭ উইকেট হারিয়ে। প্রথম ইনিংসে বাংলাদেশের ইনিংস শেষ হয়ে যায় ১৯১ রানে। জ্বাবে জিম্বাবোয়ে করেছিল ২৭৩ রান। ৮২ রানে পিছিয়ে থেকে দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নামেন শাস্ত্রীরা। কিন্তু সিলেটের ২২ গজে প্রত্যশা মতো ব্যাট করতে পারেননি বাংলাদেশের ব্যাটারেরা। ওপেনার মাহমুদুল হাসান জয় করেন ৩৩ রান। তিন নম্বরে নেমে মেমিনুল হক করেন ৪৭। অধিনায়ক ব্রজ কট্টা থেকে আসে ৬০ রানের ইনিংস। এ ছাড়া মঙ্গলবার ২১ রানে অপরাজিত থাকা উইকেটরক্ষক-ব্যাটার জাকের আলির আবাদন ৫৮। শান্ত ম্যাচের চতুর্থ দিন সকালে আউট হওয়ার বাংলাদেশের ব্যাটারেরা উল্লেখযোগ্য কিছু করতে পারেননি। জিম্বাবোয়ের ব্রেসিং মুজারাবানি ৭২ রানে ৬ উইকেট নেন। ২০ রানে ২ উইকেট ওয়েলিটন মাসাকাদজারা কুব্বার ২৫৫ রানে শেষ হয় বাংলাদেশের দ্বিতীয় ইনিংস। এর পর জয়ের জন্য জিম্বাবোয়ের লক্ষ্য দাঁড়ায় ১৭৪। সফরকারীদের দুই ওপেনার ব্রায়ান বেনেট এবং বেন কারেন ভাল শুরু করেন। প্রথম উইকেটের জুটিতে ওঠে ৯৫ রান। তারাই জয়ের ভিত গড়ে নেন। বৃষ্টি বিদ্যুত চতুর্থ দিনে জিম্বাবোয়ের বাকি ব্যাটারেরা ২২ গজে বেশি ক্ষণ কাটাতে না পারলেও তাদের জয় ছিনিয়ে নিতে অসুবিধা হয়নি। একাধিক বার বৃষ্টি জিম্বাবোয়ের জয়ের অপেক্ষা বৃদ্ধি ছাড়া আর কিছু করতে পারেনি। মেহেদি হাসান মিরাজ ছাড়া সুযোগ কাজে লাগাতে পারেননি বাংলাদেশের কোন ব্যাটারেরা। মিরাজ ৫০ রানে ৫ উইকেট নেন। প্রথম ইনিংসেও তিনি ৫ উইকেট নিয়েছিলেন। ম্যাচে ১০ উইকেট নিয়েও বাংলাদেশকে জয় এনে দিতে পারলেন না তিনি।

পহেলগাঁও ঘটনার ন্যায়বিচার চাইলেন বিরাটরা

দুরন্ত বার্তা প্রতিবেদন

জম্মু ও কাশ্মীরের পহেলগাঁও সন্ত্রাসী হামলা পুরো দেশকে নাড়িয়ে দিয়েছে। এই ঘটনায় ২৬ জন মারা গিয়েছেন, এবং অনেকে আহত হয়েছেন। এই সন্ত্রাসী হামলার শিকারদের বেশিরভাগই পর্যটক। ভারতীয় ক্রিকেট জগতের বর্তমান এবং প্রাক্তন খেলোয়াড়রা এই ঘটনার তীব্র নিন্দা জানিয়েছেন এবং ক্ষতিগ্রস্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন। পাশাপাশি প্রত্যেকেই যত তাড়াতাড়ি সম্ভব ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন। সমবেদনা জানিয়ে শোকার্ত পরিবারগুলির পাশে দাঁড়িয়েছেন টিম ইন্ডিয়ার প্রধান কোচ গৌতম গম্ভীর, বিরাট কোহলি, শুভমান গিল, হার্দিক পাণ্ডিয়া এবং যুবরাজ সিং, আকাশ চোপড়া-সহ অনেকেই। এই ঘটনায় শোক প্রকাশ করে বিরাট কোহলি ন্যায়বিচার দাবি করেছেন। তিনি ইনস্টাগ্রাম স্টোরির মাধ্যমে বলেছেন, “পহেলগাঁওয়ে নিরীহ মানুষের উপর জঘন্য হামলায় আমি গম্ভীরভাবে শোকাহত। নিহতদের পরিবারের প্রতি আমার অন্তরিক সমবেদনা। আমি এই



“পহেলগাঁও থেকে আসা খবরে আমি হতবাক। নিহত এবং তাঁদের পরিবারের প্রতি আমার সমবেদনা রইল।” টিম ইন্ডিয়ার প্রধান কোচ গৌতম গম্ভীর বলেছেন, “আমি নিহতদের পরিবারের জন্য প্রার্থনা করছি।

এই ঘটনার জন্য যারা দায়ী তাদের অবশ্যই এর মূল্য দিতে হবে। ভারত এর উপযুক্ত জবাব দেবে।” শুভমান গিল বলেন, “পহেলগাঁওয়ের ঘটনাটি হৃদয় বিদারক।

অত্যন্ত বিরক্তিকর। আমি ক্ষতিগ্রস্তদের এবং তাঁদের পরিবারের জন্য শক্তি প্রার্থনা করি। আসুন আমরা মানবতার সঙ্গে ঐক্যবদ্ধ হই।” আইপিএলে ধারাদায়কার হিসাবে

এবং তাদের প্রতি সহানুভূতিশীলদের চিহ্নিত করা হবে, ধরা হবে এবং যথাযথ শাস্তি দেওয়া হবে। পাশাপাশি, ধ্রুব জুডেল, তিলক ভার্মা, মুকেশ কুমার-সহ টিম ইন্ডিয়ার



দায়িত্ব পালন করা প্রাক্তন ভারতীয় ক্রিকেটার আকাশ চোপড়া এই হামলাকে ‘অকল্পনীয় নিষ্ঠুরতা’ বলে বর্ণনা করে বলেন, “ভুক্তভোগী এবং তাঁদের পরিবারের প্রতি আমার সমবেদনা। আমি আশা করি অপরোধী

অনেক তরুণ ক্রিকেটার পহেলগাঁও সন্ত্রাসী হামলার নিন্দা করে শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করেছেন। আবার-বয়্যাল চ্যালেঞ্জার্স বেসালুক তথা কলকাতা নাইট রাইডার্সের প্রাক্তন ক্রিকেটার,

পাকিস্তানের সঙ্গে ক্রিকেটের দিক থেকে অন্তত সমস্ত সম্পর্ক ছিন্ন করার দাবি তুলেছেন। সোশ্যাল মিডিয়ায় খোলা চিঠিতে আরসিবির প্রাক্তন ক্রিকেটার তথা অনূর্ধ্ব ১৯ বিশ্বকাপে বিরাট কোহলির সতীর্থ শ্রীবৎস গোস্বামী সোশ্যাল মিডিয়ায় খোলা চিঠি পোস্ট করেছেন। পোস্টের সঙ্গে তার লেখা, ‘এনাক’। প্রচণ্ড ক্ষোভেরই যে বহিঃপ্রকাশ এ আর বলার অপেক্ষা রাখে না। শ্রীবৎস খোলা চিঠিতে লিখেছেন-চিঠির শিরোনাম ‘ক্রিকেট পুরোপুরি একধারে করা হোক’। চিঠিতে তিনি লেখেন-“যখন ভারতীয় বোর্ড এবং সরকারের তরফে সিদ্ধান্ত নেওয়া হয় পাকিস্তানে দল পাঠানো হবে না, অনেকেই মন্তব্য করেন খেলাধুলোর সঙ্গে রাজনীতি যেন না জড়ানো হয়। সত্যি কি? আমি অন্তত এই মন্তব্যকে সমর্থন করি না। নিরীহ ভারতীয়দের হত্যা করাটাই যেন ওদের জাতীয় খেলা। আর সেটাই যদি হয়, আমাদের জবাবটা ওদের ভাষাতেই দেওয়া উচিত। সেটা ব্যাটে-বলে জ্বাব নাহ। এ বিষয়ে জিরো টলারেন্স অবস্থান হওয়া উচিত।”

শেষের গোলে ভিলাকে হারিয়ে তিনে ম্যান সিটি

ম্যানচেস্টার, ২৩ এপ্রিলঃ ইতিহাদ স্টেডিয়ামে মঙ্গলবার রাতে প্রিমিয়ার লিগের ম্যাচটি ২-১ গোলে জিতেছে শিরোপাধারীরা। বের্নার্দো সিলভা সিটিকে এগিয়ে নেওয়ার পর পেনাল্টি থেকে সমতা ফেরান মার্কাস র‍্যাশফোর্ড। পাঁচ মিনিট যোগ করা সময়ের চতুর্থ মিনিটে ব্যবধান গড়ে দেন নুনেস। সিটির জার্সিতে প্রিমিয়ার লিগে তার প্রথম গোল এটি। আসরে এই নিয়ে টানা তৃতীয় জয় পেল সিটি, অপরাজিত রইল টানা ছয় ম্যাচে। ঘরের মাঠে ভিলার বিপক্ষে লিগে টানা ১৫ ম্যাচ জিতল তারা। ভীষণ গুরুত্বপূর্ণ এই জয়ে সেরা পাঁচে থেকে প্রিমিয়ার লিগ শেষ করে আগামী মরসুমে চ্যাম্পিয়ন্স লিগে জয়গা করে নেওয়ার সম্ভাবনা কিছুটা উজ্জ্বল হলো সিটির। ৩৪ ম্যাচে ১৮ জয় ও ৭ ড্রয়ে ৬১ পয়েন্ট নিয়ে তিন নম্বরে গুয়্যাণ্ডলোর লল। ৩৩ ম্যাচে ৬০ পয়েন্ট নিয়ে নিচটিংহাম ফরেস্ট চারে ও ৫৯ পয়েন্ট নিয়ে নিউক্যাসল ইউনাইটেড পাঁচে নেমে গেছে। সমান ৫৭ পয়েন্ট

করে নিয়ে চেলসি (৩৩ ম্যাচ) ছয়ে ও ভিলা (৩৪ ম্যাচ) সাতো আছে। ৩৩ ম্যাচে ৬৬ পয়েন্ট নিয়ে আর্সেনাল দুইয়ে, ৭৯ পয়েন্ট নিয়ে



শিরোপার দুর্যারে লিভারপুল। প্রথম মিনিটে এগিয়ে যেতে পারত ভিলা, কিন্তু বক্সে ঢুকে মার্কাস র‍্যাশফোর্ডের শট পোস্টে লেগে ফিরে আসে। সপ্তম মিনিটে গোলের দেখা পায় সিটি। সতীর্থের ক্রস নিয়ন্ত্রণে নিয়ে বাঁ দিক দিয়ে বক্সে ঢুকে বাইলহিনের কাছ থেকে

র‍্যামজি পড়ে গেলে ভিএআরে মনিটরে দেখে পেনাল্টি দিয়েছিলেন রেফারি। আক্রমণ-পাস্টা আক্রমণ লগতে থাকে দ্বিতীয়ার্ধেও। ৬০তম মিনিটে দ্বিতীয় গোল সিটি পেয়েই যাচ্ছিল প্রায়। মার্তিনেস পোস্ট ছেড়ে এগিয়ে থাকায় কেভিন ডে ব্রুইনের পাস পেয়ে বক্সের বাইরে থেকে চিপ শট নেন জেমস ম্যাকাটি, পোস্টের সামান্য বাইরে দিয়ে যায় বল। একটু পর গোলরক্ষককে পাশ কাটিয়ে দ্রুতহ কোণ থেকে র‍্যাশফোর্ডের শট পাশের জালে লাগে। খানিক বাদে ভালো সুযোগ পেয়ে বক্সে চিকমততা শট নিতে পারেননি তরুণ উইঙ্গার ম্যাকাটি। ৮০তম মিনিটে মার্টিনেজ ভিলার জালে বল পাঠালেও অফসাইডের পতাকা তোলেন লাইন্সম্যান। ড্রয়ের পথে থাকা ম্যাচে শেষ সময়ে নুনেসের গোলে উল্লাসে ফেটে পড়ে গোটা ইতিহাদ। বাঁ দিক থেকে জেরেমি ডোকুর পাসে দূরের পোস্টে কাছ থেকে শটে বল জালে পাঠান পর্তুগিজ মিডফিল্ডার।

বিশ্বকাপ ২০২৬ মেসি-রোনাল্ডো-নেইমার, কে থাকবেন কে থাকবেন না

দুরন্ত বার্তা প্রতিবেদন

২০২২ কাতার বিশ্বকাপের আগেও আলোচনা ছিল এ নিয়ে। তখনো চলছিল জাতীয় দলের জার্সিতে লিওনেল মেসি-ক্রিস্টিয়ানো রোনাল্ডোর এপিটাফ লেখা। বয়সে পিছিয়ে থাকায় বাকি দুজনের মতো না হলেও চোটের সঙ্গে অনাকর্ষক সম্পর্ক পাতনো নেইমারও ছিলেন এ আলোচনায়। মনে করা হয়েছিল, কাতার বিশ্বকাপ শেষেই হয়তো জাতীয় দলের জার্সিটা তুলে রাখবেন তারা তিনজন। সেই বিশ্বকাপের আগেই মেসি বলে দিলেন, বিশ্বকাপে ব্যর্থতা মানে সোখানোই ইতি। নিজেরা কিছু না বললেও রোনাল্ডো-নেইমারের ভবিষ্যৎ নিয়েও আলোচনার ধারাটা ছিল এমনই। এরপর যথারীতি শেষ হলো বিশ্বকাপ। ৩৬ বছর পর মেসির হাত ধরে আর্জেন্টিনা জিতল বিশ্বকাপ। অমরত্বকে আলিঙ্গনের পর ট্রফি নিয়ে উদযাপন করতে করতে মেসি ফিরে গেলেই ব্রুয়েনস অহিরেসে। আর্জেন্টাইনদের হৃষ্যধীনতেই বাতাসে মিলিয়ে গেল মেসির অবসর-আলাপও। মেসির টিক উল্টো দিকে ছিল রোনাল্ডো-নেইমারের অবস্থান। ব্যর্থতা নিয়ে কান্নাভেজা বিদায়ের পর হতাশাই তখন এই দুজনের সঙ্গী। কোয়ার্টার ফাইনালে মরক্কোর কাছে হেরে রোনাল্ডো খন্দ চানেল দিয়ে কাঁদতে কাঁদতে বেরিয়ে যাচ্ছিলেন, এটাকে বিশ্বমঞ্চে তাঁর বিদায়ী ছবি হিসেবেই দেখেছে ফুটবল-বিশ্ব। বিশ্বজুড়ে সংবাদমাধ্যমগুলো তাঁর জন্য বিদায়-অর্থ্য দিয়ে যাচ্ছিল। সবখানেই শেখটা রাঙাতে না পারার আক্ষেপ। রোনাল্ডো অবশ্য নিজের ভবিষ্যৎ নিয়ে মুখে কুলুপ দিয়ে রেখেছিলেন। আর শেষ আট থেকে বিদায়ের পর নেইমার বলেছিলেন, বিশ্বকাপ দূরের ব্যাপার, আর কখনো ব্রাজিলের হয়ে না-ও খেলতে পারেন তিনি। ওপরের গল্পগুলো অবশ্য এখন দূর অতীতের। বিশ্বকাপের উত্তেজনা, সাফল্য-ব্যর্থতার তাৎক্ষণিক প্রভাব এবং বয়স-ছদ্দের প্রভাব এসব আলাপে বেশ স্পষ্ট ছিল। ফলে জাতীয় দলের জার্সিতে এই তিনজনের ভাগ্য জানতে আরেকটু অপেক্ষা করতেই হচ্ছিল। তবে এ মুহূর্তে, অর্থাৎ ২০২৬ বিশ্বকাপের এক বছর বাকি থাকতে তিনজনের বিশ্বকাপ-ভবিষ্যৎ নিয়ে কিছুটা ধারণা পাওয়া যাচ্ছে। অতীতে যার যেমনই অবস্থান থাকুক, তাঁরা তিনজনই যে ২০২৬ বিশ্বকাপে চোপ খেয়েছেন, বলাই যায়। বয়স বিবেচনায় এই তিনজনের মধ্যে সম্ভাবনা কম ছিল ক্রিস্টিয়ানো রোনাল্ডোর। ২০২৬ সালের ১১ জুন যখন বিশ্বকাপের পর্দা উঠবে, তখন রোনাল্ডোর বয়স ৪১ বছর ৪ মাস ৬ দিন। এই বয়সে রোনাল্ডোর বিশ্বকাপে খেলাটা বড় ঘটনাই হবে। শেষ পর্যন্ত খেললে সবচেয়ে বেশি বয়সে বিশ্বকাপ খেলাদের তালিকায়

রোনাল্ডোর অবস্থান হবে চতুর্থ। গোলরক্ষকদের হিসাব থেকে বাদ দিলে তাঁর অবস্থান থাকবে ২ নম্বরে। আর ইউরোপিয়ানদের মধ্যে তিনিই হবেন সবচেয়ে বেশি বয়সে বিশ্বকাপ খেলা ফুটবলার। তবে রোনাল্ডো নিশ্চিতভাবেই শুধু এমন একটি রেকর্ডের জন্য বিশ্বকাপ খেলতে যাবেন না। আরও বা। কিছুতে চোখ রেখেই যুক্তরাষ্ট্র-কানাডা-মেক্সিকো বিশ্বকাপে জাতীয় দলকে প্রতিনিষ্ঠিত্ব করতে যাবেন ‘সিআর সেভেন’। সেই বা কিছু যে বিশ্বকাপ শিরোপা, তা বোধ হয় আলাদা করে না বললেও চলে। বিশেষ করে কাতার বিশ্বকাপ জিতে শ্রেষ্ঠত্বের প্রশ্নে



ইতি টানা মেসিকে নতুন করে চ্যালেঞ্জ জানানোর এই সুযোগ নিশ্চিতভাবেই হাতছাড়া করতে চাইবেন না রোনাল্ডো। রোনাল্ডোর ২০২৬ বিশ্বকাপে খেলার কথা উঠলে প্রাসঙ্গিকভাবে সবার আগে আসে ফিটনেসের আলাপ। ৪১ পেরোনো রোনাল্ডো শারীরিকভাবে ফিট থাকবেন তো? এ প্রশ্ন স্কন্দলে রোনাল্ডো নির্জেই হয়তো একটা মুচকি হেসে পাশ কেটে হেঁটে চলে যাবেন। বয়সের পাশাপাশি ফিটনেসেও তিনি বাকি দুজনের চেয়ে এগিয়ে। শুধু এগিয়ে বললে অবশ্য ভুল হবে। মেসি ও নেইমার আসলে রোনাল্ডোর আশপাশেও নেই। এমনকি ৪০ পেরোনো রোনাল্ডো ফিটনেসে চ্যালেঞ্জ জানানোতে পারবেন যে কোনো তরুণকেও ট্রান্সফারমার্কেটের দেওয়া তথ্য বলছে, কাতার বিশ্বকাপের পর থেকে রোনাল্ডো খেলার বাইরে ছিলেন তিনবার। যদিও কোনোবারই বড় কোনো চোট নয়। আর এ সময়ে পর্তুগিজ মহাতারকা খেলার বাইরে ছিলেন মোট ৪১ দিন এবং মিস করেছেন মাত্র ১ ম্যাচ। একজন তরুণ খেলোয়াড়ের ক্ষেত্রেও এই পরিসংখ্যান রীতিমতো অবিশ্বাস্য। ফিটনেস

একাধিকবার বলেছেন, ফুটবল থেকে তাঁর আর কোনো চাওয়া-পাওয়া নেই। কিন্তু মেসিকে যত দিন সন্তব খেলতে দেখার ইচ্ছা ভক্তদের। আরেকটি বিশ্বকাপে হলে তো কথাই নেই! আর্জেন্টিনা দলের খেলোয়াড় ও কোচদের চাওয়াও মেসি ২০২৬ বিশ্বকাপ খেলুন। তাই এক চোট বিপর্যস্ত হয়ে পড়তে শুরু করেন ৮ বারের ব্যালন ডি’অরজয়ী ফুটবলার। ট্রান্সফারমার্কেটের দেওয়া হিসাবটাও বেশ হতাশাজনক। ২০২২ বিশ্বকাপের পর বিশ্রাম ছাড়া এখন পর্যন্ত ৭ দফা চোট পড়েছেন মেসি। যেখানে সব মিলিয়ে মেসি মার্চের বাইরে ছিলেন ১৩০ দিন, আর ম্যাচ মিস করেছেন ৭টি। চোটপ্রবণতার কারণে বিশ্বকাপ সামনে রেখে

মেসিকে বিশ্রাম দিয়ে থেলানো নিয়েও অনেক কথা হয়েছে। এমনকি সামান্য চোট আশঙ্কতেও, বিশ্রাম দেওয়া হয়েছে তাঁকে। তবে ইটার মায়ামির নতুন কোচ হাড়িয়ারের মাতেরনো মেসিকে সেভাবে বিশ্রাম দিচ্ছেন না। টানা ম্যাচ খেলানোর পাশাপাশি বেশির ভাগ সময় পুরো ম্যাচে মেসিকে মাঠে রাখছেন এই আর্জেন্টাইন কোচ। এর ফলে মেসির চোটের পড়ার আশঙ্কাও বেড়েছে বলে মনে করছেন অনেকে খেলোয়াড়। এমন পরিস্থিতিতে যেকোনো সময় বড় চোট লগ্না সময়ের জন্য খিটকে যেতে পারেন মেসি, যা শঙ্কায় ফেলতে পারে তাঁর পরবর্তী বিশ্বকাপ খেলার সম্ভাবনাকেও। তাই বিশ্বকাপ মেসির রাদারে থাকলেও তাঁকে নিয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে ইংটার মায়ামি ও আর্জেন্টিনাকে। নয়তো সোনার ডিম পাড়া হাঁসটিই যে জবাই হয়ে যেতে পারে। নেইমারকে কেউ চাইলে এখন ‘ব্রাজিলের দুঃখ’ বা ‘ব্রাজিলের অশ্রু’ নামেও ডাকতে পারেন। রোনাল্ডো নাজরিওর পরবর্তী সময়ে ব্রাজিলীয় ফুটবলের সবচেয়ে বড় আবিষ্কার নেইমার। অমিত সম্ভাবনা ও তুুলু প্রতিভা নিয়ে ফুটবলমঞ্চে আবির্ভাব নেইমারের। পেলেছে হাড়িয়ে ব্রাজিলের ইতিহাসে সর্বোচ্চ গোলদাতাও এখন নেইমার। কিন্তু দলীয় সাফল্যে নেইমার এক হতাশার নাম। সর্বশেষ ২০২২ বিশ্বকাপেও ব্রাজিলের হতাশাজনক বিদায়ের সাক্ষী হয়েছেন নেইমার। তবে ২০২৬ বিশ্বকাপে শেষবার চেষ্টা করতে চান এই ফরোয়ার্ড। কিন্তু চোট শেষ পর্যন্ত নেইমারকে সেই চেষ্টা করতে দেবে তো? চোটের ইতিহাস, পরিসংখ্যান এবং বর্তমান দশা বলছে, রোনাল্ডো ও মেসির চেয়ে নেইমারেরই বিশ্বকাপ খেলার সম্ভাবনা সবচেয়ে কম। কাতার বিশ্বকাপের পর নেইমারের চোটের পরিসংখ্যানও হতাশাজনক। ২০২২ বিশ্বকাপের পর ৮ দফা চোট পড়েছেন নেইমার। যেখানে একবারে সর্বোচ্চ ৩৪০ দিন পর্যন্ত মাঠের বাইরে ছিলেন তিনি। সামগ্রিকভাবে এ সময়ে নেইমার মার্চের বাইরে ছিলেন ৬৮২ দিন। যেখানে সব মিলিয়ে তিনি মিস করেছেন ৯৬ ম্যাচ। ওহ, নেইমার কিন্তু এখনো চোটের কারণে মার্চের বাইরেই আছেন। ফলে এই পরিসংখ্যান যে আরও খারাপ হতে যাচ্ছে, তা বলা যায়। চোট সন্ত্বেও দৃষ্টান্ত কাটাতে ব্রাজিলিয়ানদের চোখ নেইমারের দিকে। অনেকের বিশ্বাস, একমাত্র নেইমারই পারেনো ব্রাজিলকে এই পরিস্থিতি থেকে উদ্ধার করতে। ২০২৬ বিশ্বকাপেও ব্রাজিলের দলো থাকার বিকল্প নেই। কিন্তু নেইমারের ফিট থাকাই যে একটা মিথ। সেই মিথ ভেঙে নেইমার কি আদৌ পারবেন ব্রাজিলের রক্ষাকর্তা হতে? উত্তরটা সময়ের হাতেই তোলা রইল।



RITES LIMITED
(A Govt. of India Enterprise) CIN No.: L74899DL1974GO0007227
Shikhar, Plot No.1, Sector-29, Gurgaon – 122001

Requires Engineering Professionals on contract/regular basis for the following post(s) discipline through written test/interviews at RITES Offices.

VC Nos.	Post	Positions	Venue & Date
CL/30/25	Resident Engineer	05	Written test in Delhi/NCR/Guwahati /Kolkata on 24th May 2025
CL/31/25	Project Associate	06	Interview at RITES office in Gurugram on 13th May 2025 and 14th May 2025
193-R1/24	Group General Manager (HR)	01	Will be intimated later

For details regarding how to Apply, Position, remuneration, qualification, age, date & venue, selection process etc., candidates may see the detailed advertisement posted on RITES website www.rites.com under Career Section.





গীতাঞ্জলি
ফরেস্ট রিট্রিট

অযোধ্যা, তারসা, পুরুলিয়া
9875658238 / 8820071827 / 8334826975

দুরন্ত প্রকাশন প্রাইভেট লিমিটেডের পক্ষে প্রকাশক ও মুদ্রক অলোক কুমার নন্দর কর্তৃক সত্যগুণ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লিমিটেড, ১৩, প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭২ ইইতে মুদ্রিত ও ৯৪ ফিয়ার্স লেন, ৫ম তল, কলকাতা-৭০০০১২ ইইতে প্রকাশিত, সম্পাদক-অলোক কুমার নন্দর
Printed & Published by Alok Kumar Naskar on behalf of Duranta Prakashan Pvt. Ltd. and printed at Satyajug Employees Co Operative Industrial Society Limited, 13, Profulla Sarkar Street, Kolkata-700072 and Published at 94, Phears Lane, 4th Floor, Kolkata-700012, Dist.-Kolkata, Editor: Alok Kumar Naskar
Ph. No. 033-2237-0488, 9830217166
E-mail: dailydurantabarta@gmail.com